



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৫৪/৩৩২১/৭

তারিখ: ০৯.২০১৯খ্রিঃ

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের লক্ষ্যে শুনানীতে অংশগ্রহণের জন্য স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫০০৫/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন সাগরিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: নুরুল আমিন মৃধা (বরখাস্তকৃত) এর বিরুদ্ধে ১০ শ্রেণির ছাত্রীর সাথে যৌন হয়রানি, সনদ জালিয়াতি, ভুয়া ইনডেক্স ও এমপিও, একটানা দুই বছর যাবৎ মাদ্রাসায় অনুপস্থিতসহ বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে গত ১৮/১১/২০১৮ইং তারিখে ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তাকে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্তের বিরুদ্ধে জনাব মো: নুরুল আমিন মৃধা (বরখাস্তকৃত) মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন-৫০০৫/২০১৯ দায়ের করেন ও মহামান্য হাইকোর্ট বিভাগ জনাব মো: নুরুল আমিন মৃধা এর দরখাস্ত ২০/১৪/২০১৯খ্রি: তারিখ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির আদেশ প্রদান করেন।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন-৫০০৫/২০১৯ এ প্রদত্ত আদেশ মোতাবেক ও সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য গত ০৩/০৯/২০১৯ ইং রোজ মঙ্গলবার বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়।

উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি উপস্থিত হলেও বাদী জনাব মো: নুরুল আমিন মৃধা (বরখাস্তকৃত সুপার) শুনানীতে অংশগ্রহণ করেননি। যার ফলে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫০০৫/২০১৯ এর নিষ্পত্তি করা সম্ভব হয়নি।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন-৫০০৫/২০১৯ এ প্রদত্ত আদেশ মোতাবেক ও সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য আগামী ২৫/০৯/২০১৯ ইং রোজ বুধবার বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

১০/০৯/১৯

প্রাপক,

১। জনাব মো: নুরুল আমিন মৃধা (বরখাস্তকৃত সুপার), সাগরিয়া দাখিল মাদ্রাসা,
উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর, পিতা: মো: আজিজুল হক মৃধা
গ্রাম: নয়নপুর, রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট (R.P Gate), ডাকঘর: রাজেন্দ্রপুর
ক্যান্টনমেন্ট, গাজীপুর সদর, গাজীপুর।

২। সভাপতি/ভারপ্রাপ্ত সুপার, সাগরিয়া দাখিল মাদ্রাসা।
ডাকঘর: শ্রীপুর, উপজেলা: শ্রীপুর জেলা: গাজীপুর।

নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৫৪/ /

তারিখ: ০৯.২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, গাজীপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের অবগতির জন্য)।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নং ৯৬৭৪৮৭৪